

তালায় ফরম পুরণের নামে অতিরিক্ত অর্থ আদায়!

■ তালা (সাতক্ষীরা) সংবাদদাতা
তালায় ফরম-ফিলাপের নামে
কলেজের ছাত্র-ছাত্রীদের কাছে থেকে
অতিরিক্ত অর্থ আদায় করার অভিযোগ
পাওয়া গেছে। উপজেলার জাতপুর
টেকনিক্যাল এন্ড বিজনেস
ম্যানেজমেন্ট কলেজ বিনা রশিদে এই
অর্থ আদায় করছেন। এতে ছাত্র-
ছাত্রীসহ অভিভাবকদের মধ্যে
ক্ষোভের সৃষ্টি হয়েছে।

সরকারি নিয়ম অনুযায়ী ২০১৫
সালে ফরম-ফিলাপের জন্য ১ম বর্ষের পরীক্ষার্থীদের নিকট
হতে ১ হাজার একশ ৭০ টাকা এবং ২য় বর্ষের
পরীক্ষার্থীদের নিকট হতে ১ হাজার ২শ ৭০ টাকা নেওয়ার
কথা রয়েছে। অর্থাৎ ১ম বর্ষে ২ হাজার ৪শ টাকা এবং ২য়
বর্ষে ২ হাজার ৫শ টাকা আদায় করা হয়েছে।

আর ২০১৪ সালের পরীক্ষায় যে সকল শিক্ষার্থী কোন
একটি বিষয়ে উত্তীর্ণ হতে পারেনি, সেসব ছাত্র-ছাত্রীদের
নিকট থেকে ৪শ ৭৫ টাকা নেওয়ার কথা রয়েছে। তবে
নিয়মনীতি না মেনে কলেজ কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদের কাছে
থেকে ১ হাজার ৫শ টাকা আদায় করেছে।

অধ্যক্ষ বলেন, কলেজে
অনেক সমস্যা রয়েছে।
তাই কিছু বেশি টাকা
নেওয়া হচ্ছে

কলেজের অধ্যক্ষ মোঃ
সাইফুল্লাহ, প্রভাষক চঞ্চল রায় ও
কলেজের অফিস সহকারী হায়দার
আলী এই টাকা আদায় করছেন।

কলেজ সূত্রে জানা গেছে,
জাতপুর টেকনিক্যাল এন্ড বিজনেস
ম্যানেজমেন্ট কলেজে প্রথম ও দ্বিতীয়
বর্ষে নিয়মিত একশ ৭৬ এবং
অনিয়মিত ৮ জন ছাত্র-ছাত্রী এ বছর
পাবলিক পরীক্ষায় অংশ গ্রহণ করবে।

এজন্য ছাত্র-ছাত্রীদের ফরম-ফিলাপের শেষ দিন ছিল ২৪
ডিসেম্বর ২০১৪।

কলেজের অফিস সহকারী হায়দার আলী জানান,
'আমি অধ্যক্ষের অধীনে চাকরি করি। বিষয়টি নিয়ে আপনি
তার সাথেই কথা বলেন।'

জাতপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট
কলেজের অধ্যক্ষ মোঃ সাইফুল্লাহ'র সাথে যোগাযোগ করে
কলেজের অধ্যক্ষ মোঃ সাইফুল্লাহ'র সাথে যোগাযোগ করা হলে তিনি সাংবাদিক পরিচয় পেয়ে বলেন,
অনেক সমস্যা রয়েছে। প্রয়োজনে আপনি কলেজে আসেন,
সাক্ষাতে সব কথা বলবো।